বিজিএ/কাস/২০২৩/১৯০

১৩ আগস্ট, ২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়: চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেয়া প্রসঙ্গে।**

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে বিভিন্ন আমদানীকারক কর্তৃক বন্দরে যে পরিমান এলসিএল কার্গো আসছে সে অনুযায়ী এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী হচ্ছে না। চট্টগ্রাম বন্দরের স্বাভাবিক অপারেশনাল কার্যক্রম নির্বিঘ্ন রাখার স্বার্থে চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে আমদানীকৃত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেয়ার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সকলকে অনুরোধ জানিয়েছেন।

এ সংক্রান্ত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পত্র স্মারক নং- টিএম/এলসিএল/কার্গো/দ্রুত ডেলিভারী/২১/২৯৯৮ তারিখ- ০৬/০৮/২০২৩ইং আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষ্যে পোশাক শিল্পের আমদানীকৃত এলসিএল কার্গোসমূহ দ্রুত ডেলিভারী নেয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১৩/৮/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব


**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

বিষয়টি অতীব জরুরী

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

তারিখ ঃ ০৬/০৮/২০২৩ খ্রীঃ

নং -টিএম/এলসিএল/কার্গো/দ্রুত-ডেলিভারী/২১/2998

বরাবর

১। প্রথম ভাইস প্রেসিডেন্ট
বিজিএমইএ, বিজিএমইএ রিজিওনাল অফিস,
বিজিএমইএ ভবন, লেভেল-৪ ও ৫,
৬৬৯/ই, ঝাউতলা রোড, দঃ খুলশী, চট্টগ্রাম।

২। সহ-সভাপতি
বিকেএমইএ
চেম্বার ভবন (৫ম তলা),
৩৮, আগ্রাবাদ বা/এ., চট্টগ্রাম।

বিষয় ঃ চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

সূত্র ঃ ক) টিএম/এলসিএল/দ্রুত ডেলিভারী/২০-২১, ১৭/১২/২০২১খ্রীঃ,১২/১২/২০২১খ্রীঃ, ১৩/১২/২০২১খ্রীঃ,১৯/১০/২০২১খ্রীঃ, ১৬/১০/২০২১খ্রীঃ ,২৯/১২/২০২১, ০৬/০১/২২ খ্রীঃ,২৫/০১/২০২২খ্রীঃ, ২৩/০২/২০২২খ্রীঃ, ০৮/০৩/২০২২খ্রীঃ, ২৩/০৩/২০২২ খ্রীঃ,০৯/০৪/২০২৩খ্রীঃ ও ২৭/০৪/২০২৩খ্রীঃ। ১৮/০৫/২০২২খ্রীঃ ও ০৬/১১/২০২২খ্রীঃ।

খ) টিএম/এলসিএল/নৌপম/উপদেষ্টা কমিটি/সিদ্ধান্ত বাস্তবায়ন/২১/৭৮৬, তারিখ ঃ ০৭/০৩/২০২১খ্রীঃ,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে স্থিত বিভিন্ন আমদানীকারক কর্তৃক আমদানীকৃত এলসিএল কার্গো ডেলিভারী গ্রহণের লক্ষ্যে চট্টগ্রাম বন্দর ২৪/৭ খোলা রয়েছে। দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের সাথে সামঞ্জস্য রেখে চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানী-রপ্তানীও ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন জাহাজে করে আমদানীকারকদের অনুকূলে চট্টগ্রাম বন্দরে যে পরিমাণ এলসিএল কার্গো আসছে সে অনুযায়ী এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী হচ্ছে না। চবক এর শেড/সিএফএস সমূহে স্থান সংকুলানের অভাবে আমদানীকৃত এলসিএল কন্টেইনার সমূহ আনষ্টাফিং করা দুরুহ হয়ে পড়েছে। তাই এ সকল এলসিএল কন্টেইনার ও কার্গো অতিদ্রুত বন্দর থেকে ডেলিভারী নেওয়ার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। বিভিন আমদানীকারকগণ কর্তৃক আমদানীকৃত শিল্পের কাঁচামাল সমূহ দ্রুত চট্টগ্রাম বন্দর হতে খালাসের লক্ষ্যে চট্টগ্রাম বন্দর (২৪/৭) সার্বক্ষণিক কার্যক্রম চালু রেখেছে। শিল্পের কাঁচামাল সরবরাহ, দেশের সাপ্লাই চেইন নিরবিচ্ছিন্ন রাখাসহ চট্টগ্রাম বন্দরে আগত কন্টেইনারবাহী জাহাজ হতে কন্টেইনার লোডিং-আনলোডিং কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করে আমদানীকৃত শিল্পের কাঁচামাল সমূহ চট্টগ্রাম বন্দর হতে দ্রুত খালাস গ্রহণ করা প্রয়োজন। এ সময়ে ওয়ারহাউস/গুদাম/ফ্যাক্টরি সমূহ খোলা রেখে এলসিএল পণ্য ডেলিভারী গ্রহণ ও সংরক্ষণের ব্যবস্থা রাখা অতীব জরুরী। এলসিএল কার্গো দ্রুত চট্টগ্রাম বন্দর থেকে খালাস করা না হলে ক্যাপাসিটির অতিরিক্ত এলসিএল কার্গো থাকার ফলে বন্দরের অপারেশনাল কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠু, স্বাভাবিক ও গতিশীল রাখার স্বার্থে চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে স্থিত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়ার পাশাপাশি শুক্রবার, শনিবার, রবিবারসহ সরকারী ছুটির দিনসমূহে এলসিএল কার্গো ডেলিভারী গ্রহণ স্বাভাবিক রাখার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করা গেল। এ ব্যাপারে আপনাদের সহযোগীতা একান্ত কাম্য।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

6/8/2023

সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)
পক্ষে, টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

মোঃ আমিনুল উদ্দীন
সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস ও কার্গো)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।

১। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। পরিচালক (প্রশাঃ), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। পরিচালক (নিরাপত্তা), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। জয়েন্ট কমিশনার অব কাষ্টমস্, কাষ্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
৬। প্রেসিডেন্ট,এফবিসিসিআই, ফেডারেশন ভবন (২য় তলা),৬০,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম চেম্বার অব কমার্স বিল্ডিং, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৮। সভাপতি, বিকেএমইএ,২৩৩/১, বি বি রোড প্রেস ক্লাব ভবন (১ম ও ৩য় তলা) নারায়ণগঞ্জ-১৪০০- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৯। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি,চেম্বার হাউস, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১০। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১১। সভাপতি, চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১২। পিএস টু চেয়ারম্যান; চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
১৩। পিএ টু কমিশনার অব কাষ্টমস্; কমিশনার অব কাষ্টমস্, কাষ্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।

স্বাঃ
সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)

BGMEA REGIONAL OFFICE, CTG.

| | |
|---|---|
| 1 | Office Incharge |
| 2 | Bank Cell |
| 3 | Accounts |
| 4 | Admin-HR / Insurance |
| 5 | Labour Cell / Fire & Safety |
| 6 | Law & Order |
| 7 | Panadona / Complaint |
| 8 | Membership |
| 9 | C&M / RSC / Dormitory |
| 10 | PR |
| 11 | RDTI/MIS/Fair/Arbitration |
| 12 | Health/Hospital/School/Prec. |